THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY
THE FEDERATION OF BANGLADESH
CHAMBERS OF COMMERCE & INDUSTRY

১৬ জুলাই ২০২৭

এফবিসিসিআই/টিএফ/২০২৬/১২৫০

**সভাপতি/চেয়ারম্যান**
সকল চেম্বার ও এসোসিয়েশন
এফবিসিসিআই।

বিষয়: **শিল্প ও বাণিজ্যিক আইআরসি (IRC)-এর পরিবর্তে একক আইআরসি প্রবর্তনের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।**

**মহোদয়,**

এফবিসিসিআই-এর পক্ষ থেকে শুভেচ্ছা।

আমদানী বাণিজ্য সহজীকরণ করার লক্ষ্যে সরকার বর্তমানে বিদ্যমান 'শিল্প আইআরসি' (Industrial IRC) এবং 'বাণিজ্যিক আইআরসি' (Commercial IRC)-এর পরিবর্তে একটিমাত্র 'ইউনিফাইড আইআরসি' (Unified IRC) প্রবর্তনের বিষয়ে বিবেচনা করছে। দেশের আমদানীকারক ও ব্যবসায়ী সম্প্রদায়ের জন্য এই পরিবর্তন অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই, এই বিষয়ে আপনার সংগঠনের সুচিন্তিত মতামত ও পরামর্শ আহবান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা ও ভিয়েতনামের মতো দেশগুলোতে একক নিবন্ধন বা একটি আইআরসির অধীনে আমদানী কার্যক্রম পরিচালিত হয়। এই ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে বিনিয়োগ আকর্ষণ, দ্রুত শিল্পায়ন, আমদানী-রপ্তানী বাণিজ্য এবং ট্রেডিং ব্যবসা ত্বরান্বিত করা এবং সামগ্রিক ব্যবসা পরিচালন ব্যয় হ্রাস করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

এমতাবস্থায়, শিল্প ও বাণিজ্যিক আইআরসির পরিবর্তে একটিমাত্র আইআরসি প্রবর্তনের বিষয়ে আপনার সংগঠনের মতামত/সুপারিশ যতদ্রুত সম্ভব এফবিসিসিআই-তে ইমেইল (parvez.fbcci@gmail.com) এবং হার্ডকপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদান্তে,

১৬.৭.২৭
শাহ মোঃ আব্দুল খালেক
সিনিয়র অতিরিক্ত মহাসচিব

FBCCI ICON
60 Motijheel C/A
Dhaka-1000, Bangladesh

Phone : +88-02-41054936, 41054937
PABX : +88-02-41054938, 41054939-40
Fax : +88-02-41054941

E-mail : secretariat@fbcci.org
web : fbcci.org

**(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আইআইটি-১ শাখা

www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১১১.২৯.০০১.২২.৫২ তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩ / ১৪ জুলাই ২০২৬

## অফিস আদেশ

একই TIN এর অধীনে একাধিক আইআরসি প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য ৩০ জুন ২০২৬ তারিখ সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক শিল্প আইআরসি ও বাণিজ্যিক আইআরসির পরিবর্তে একটি আইআরসি প্রদান করার বিষয়ে অধিকতর পর্যালোচনা করে একটি প্রতিবেদন দাখিলের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| ক্রম. | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব, আইআইটি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | প্রতিনিধি, রপ্তানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | প্রতিনিধি, এফটিএ অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | প্রতিনিধি, ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | প্রতিনিধি, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর | সদস্য |
| ৬. | প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড (কাস্টমস অনুবিভাগ) | সদস্য |
| ৭. | প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৮. | প্রতিনিধি, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ৯. | প্রতিনিধি, এফবিসিসিআই | সদস্য |
| ১০. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব, আইআইটি-১ শাখা বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য সচিব |

০২। কমিটি শিল্প আইআরসি ও বাণিজ্যিক আইআরসির পরিবর্তে একটি আইআরসি প্রদান করার বিষয়ে অধিকতর পর্যালোচনা করে ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

১৪.০৭.২৬

শাফিয়া আক্তার শিমু
উপসচিব
ফোন: ৫৫১০০১৬০
E-mail: iit1@mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১১১.২৯.০০১.২২-৫২ তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩ / ১৪ জুলাই ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বিনিয়োগ ভবন, ই-৬/বি, আগারগাঁও, ঢাকা;
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা;
৩. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, প্লট নং এফ ১/এ আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা;
৪. প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ৬২/৩, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, পুরানা পল্টন, ঢাকা;
৫. অনুবিভাগ প্রধান (আইআইটি/রপ্তানি/এফটিএ/ডব্লিউটিও), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৬. সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. প্রশাসক, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (আইআইটি অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. যুগ্মসচিব (আইআইটি-১অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. অফিস কপি।

১৪.০৭.২৫

শাফিয়া আক্তার শিমু
উপসচিব